গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ বিষয়ে অবহিতকরণ সংক্রান্ত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: জহিরুল ইসলাম<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৯ সেপ্টেম্বর ২০২৪ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতির অনুমতিক্রমে প্রশাসন-১ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং এ সংক্রান্ত কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন)-কে সভাপতি করে গত ২৮ আগস্ট ২০২৩ তারিখে সেবা প্রদান পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা নিম্নরূপ:

১.১ ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন;
১.২ ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ;
১.৩ আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন;
২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন;
২.২ আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন;
২.৩ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার আয়োজন;
২.৪ আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;

০২। কমিটির সদস্য-সচিব জানান সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অর্থ বছরের প্রতি তিন মাস অন্তর কমিটির সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। কমিটির সদস্য সচিব সভায় আরো জানান যে, মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ করা হচ্ছে। সেপ্টেম্বর, ২০২৪ মাসের মধ্যে হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সভাপতির অনুমতিক্রমে সভায় পর্যায়ক্রমে দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ নিজেদের দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি উপস্থাপন করেন।

০৩। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার হালনাগাদ রাখা হচ্ছে মর্মে সকল দপ্তর/সংস্থার প্রতিনিধি সভায় অবহিত করেন। সভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও এর আওতধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার প্রদর্শন করা হয়। দাপ্তরিক কার্যক্রমগুলো সিটিজেন চার্টারে নির্ধারিত কলাম অনুযায়ী অন্তর্ভুক্ত হওয়া প্রয়োজন মর্মে সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন। কর্মকর্তাদের যোগাযোগ নম্বর সিটিজেন চার্টারে অন্তুর্ভুক্ত থাকতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক প্রমাণক মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

| ক্রম নং | সিদ্ধান্ত |
|---|---|
| ১। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি ৩ মাস অন্তর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সভা আয়োজন করতে হবে এবং বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে; |
| ২। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার প্রতিটি কর্মসম্পাদন সূচক ১০০% বাস্তবায়ন করতে হবে; |
| ৩। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সাধারণ ত্রুটিসমূহ দূর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে; |

| | |
|---|---|
| ৪। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টারে কর্মকর্তাদের ব্যক্তিগত ই-মেইল ব্যবহার না করে দাপ্তরিক ই-মেইল ব্যবহার করতে হবে; |
| ৫। | ওয়েবসাইটে আপলোডের পূর্বের সেবা প্রদান প্রতিশ্রুতির স্ক্রিনশট এবং আপলোডের পরবর্তী স্ক্রিনশট অবশ্যই প্রমানক হিসেবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; |
| ৬। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে সেবা প্রদান প্রতিশ্রুতির ত্রৈমাসিক অগ্রগতির তথ্য আপলোড করতে হবে। |

মো: জহিরুল ইসলাম
যুগ্মসচিব

স্মারক নম্বর- ২২.০০.০০০০.০৫১.১৬.০০৭.২২.৮৫২

তারিখ: ১৬আশ্বিন ১৪৩১
০১ অক্টোবর ২০২৪

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**মন্ত্রণালয়:**

১। যুগ্মসচিব (পরিকল্পনা-৬), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। উপসচিব (পদূনি-১ অধিশাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। উপসচিব (পরিবেশ-৩ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪। উপসচিব (বন-১ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৫। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।

**অধিদপ্তর/সংস্থা:**

১। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ই-১০-১৩, এমএকে খলিল সড়ক, বিএফআরআই, ষোলশহর, চট্টগ্রাম।
৫। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
৬। পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
৭। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (প্রশাসন), পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Sabrina 01.10.2024

(সাবরীনা রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৭২৪০
ই-মেইল-admin1@moef.gov.bd